

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, অক্টোবর ১৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[শুক্র]

বিশেষ আদেশ

তারিখ : ১৯ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ/০৪ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৩৫/২০১৮/শুক্র/৫৪৭।—The Customs Act, 1969 এর Section 104 এর উদ্দেশ্যপূরণকল্পে একই আইনের Section 13 (2) (a) এবং 219 (b) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, অন্যান্য সমজাতীয় প্রতিষ্ঠানসমূহের সঙ্গে সমতা আনয়ন অর্থাৎ প্রতিযোগিতামূলক করার জন্য মেসার্স এস আলম রিপাইন্ড সুপার ইন্ডাঃ লিঃ, ইছানগর, চর পাথরঘাটা, কর্ণফুলী, চট্টগ্রাম এর অনুকূলে হোম কনজাম্পশন বন্ড লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সম্মতি জ্ঞাপন করছে।

০২। অনুচ্ছেদ ০১ এর উদ্দেশ্যপূরণকল্পে The Customs Act, 1969 এর Section 13(1) অনুযায়ী কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম উক্ত প্রতিষ্ঠানকে নিম্নে বর্ণিত শর্তে হোম কনজাম্পশন বন্ড লাইসেন্স প্রদান করবেন :

- ক. সরকার কর্তৃক ভিন্নরূপ কোন সিদ্ধান্ত গৃহীত হলে প্রদত্ত বন্ড লাইসেন্স আইনানুগভাবে বাতিলযোগ্য হবে;
- খ. উক্ত প্রতিষ্ঠান কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম বরাবরে বন্ডেড ওয়ারহাউজ লাইসেন্সিং রুলস্, ২০০৮ এর পরিশিষ্ট-০১ এর ক্রমিক নং ৬ ডি মোতাবেক হোম কনজাম্পশন বন্ড লাইসেন্স প্রদানের জন্য বিধিমালা অনুযায়ী প্রযোজ্য সকল দলিলাদিসহ আবেদন করবেন;

(১২৭৮৯)

মূল্য : টাকা ৪.০০

- গ. প্রতিষ্ঠানটি The Customs Act, 1969 এর একাদশ অধ্যায়সহ প্রযোজ্য সকল বিধান, বন্ডেড ওয়ারহাউস লাইসেন্সিং বিধিমালা-২০০৮ এবং অপরাপর প্রচলিত বিধি-বিধান পালন করতে বাধ্য থাকবেন;
- ঘ. প্রতিষ্ঠানটি বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য সরকারি সংস্থার প্রচলিত বিধি-বিধান পালন করতে বাধ্য থাকবেন;
- ঙ. প্রযোজ্য আইন ও বিধি-বিধানের লংঘনের ক্ষেত্রে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুলতান মোঃ ইকবাল

সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।